

বিনোদন ডেস্ক | বিনোদন | 25 April, 2025

মস্কোতে আয়োজিত হলো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ৪৭তম আসরের সমাপনী অনুষ্ঠান। সেখানে প্রাত্যহিক জীবনের প্রতি মানবিক দৃষ্টিভঙ্গির জন্য 'স্পেশাল মেনশন অ্যাওয়ার্ড (জুরি)' জিতেছে বাংলাদেশি সিনেমা 'মাস্তুল'। স্থানীয় সময় বৃহস্পতিবার সকালে ছবির নির্মাতা নূরুজ্জামানের হাতে এই প্রশংসাপত্র তুলে দেয় ফেডারেশন অব ফিল্ম সোসাইটি।

এদিন রাতেই বসে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ৪৭তম আসরের সমাপনী অনুষ্ঠান। এর আগে সকালে 'ফাস্ট প্রাইজ' অনুষ্ঠানে স্পেশাল মেনশন অ্যাওয়ার্ড জেতে 'মাস্তুল'।

মস্কো থেকে এ বিষয়ে নির্মাতা বলেন, 'মস্কোতে মাস্তুল-এর প্রিমিয়ারে ভূয়সী প্রশংসা পেয়েছি। বিভিন্ন দেশের সাধারণ দর্শক থেকে ফিল্ম ক্রিটিক, সাংবাদিকরা সিনেমাটি নিয়ে আগ্রহ প্রকাশ করেছেন। বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে জানতে চেয়েছেন। মাস্তুল নিয়ে এতো মানুষের আগ্রহই আমার কাছে বড় প্রাপ্তি বলে মনে হয়েছে। এরমধ্যে ফাস্ট প্রাইজ সেরেমনিতে ফেডারেশন অব ফিল্ম সোসাইটি কর্তৃক স্পেশাল মেনশন পাওয়া সন্দেহহীনভাবে মাস্তুল-এর জন্য বিশেষ অর্জন।

জলে ভাসমান জাহাজীদের গল্প নিয়ে নির্মিত হয়েছে 'মাস্তুল'। সিনেমাটিতে অভিনয় করেছেন ফজলুর রহমান বাবু, দীপক সুমন, আমিনুর রহমান মুকুল, আরিফ হাসান, সিফাত বন্যা প্রমুখ। ছবিটির ডিজিটাল ডিস্ট্রিবিউশন ও প্রমোশনে আছে টগুঘর টকিজ।

মাস্তুল ছাড়াও ফাস্ট প্রাইজ-স্লটে 'নেটপ্যাক জুরি পুরস্কার' জিতেছে ভারতীয় খাশিয়া ভাষার ছবি 'এলেসিয়াম'। এটি পরিচালনা করেছেন প্রদীপ কুর্বা, রুশ চলচ্চিত্র সমালোচকদের জুরি পুরস্কার পেয়েছে আর্জেন্টিনার ছবি 'নন স্ট্যাভার্ড থিংকিং'- এটি পরিচালনা করেছেন মারিয়ানো ওয়াটার।

মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র